গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.** |
| সভার সময় | ৪:৩০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্মে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান এবং কোন মতামত বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে গত ২২/০১/২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত জানুয়ারি, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২২/০১/ ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় বলেন, জিডিএইচ-১৫ এর কাছাকাছি রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়নে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। এখানে মেটালিক মিনারেল পাওয়ার সম্ভাবনা রয়েছে। সরেজমিনে গিয়ে দেখা যায় যে, সাইটের অবস্থান বিলের মাঝে হওয়ায় ৩০০ মিটারের মতো নতুন রাস্তা নির্মাণসহ প্রায় ১ কিলোমিটার রাস্তা সংস্কার করা প্রয়োজন এবং এতে খরচ অনেক বেশি হবে। বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রয়েছে কিনা এ বিষয়ে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, এই কার্যক্রম সম্পন্ন করতে যে অর্থ প্রয়োজন তা বরাদ্দ রয়েছে এবং ৩০০ মিটার নতুন রাস্তা নির্মানসহ ১ কিলোমিটার রাস্তা সংস্কার করতে যে অর্থ লাগবে তার সম্ভাব্য হিসাব শীঘ্রই পাওয়া যাবে। সভাপতি এ কাজের বিষয়ে সকলের মতামত জানতে চাইলে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার মতামত হচ্ছে বর্তমান পরিস্থিতিতে এই কূপ খনন আপাতত স্থগিত করা যেতে পারে। এ নিয়ে সভার সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) খননের বর্তমান পরিস্থিতির বিস্তারিত উল্লেখ করার অনুরোধ জানান। জনাব নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, স্বাধীনতার পূর্বে ষাটের দশকে এই পয়েন্টে কাজ হয়েছিল এবং সেখানে সিলভার ও কপারের উপস্থিতি থাকার বিষয় প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল। অতএব এখানে কূপ খনন করা প্রয়োজন। খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূপদার্থ) বলেন, ভূপদার্থিক জরিপে এ এলাকায় সর্বোচ্চ পরিমাণ ম্যাগনেটিক সিগেনেচার রেকর্ড করা হয়েছে। সভাপতি বলেন, এখন কাজ শুরু করা হলে বর্ষাকাল এসে যাবে এবং বর্ষাকালে কাজ করা সম্ভব হবে কিনা তা জানা প্রয়োজন। তিনি বলেন, এ অর্থবছরে কাজ শেষ করাও কঠিন হবে সেক্ষেত্রে অডিট আপত্তি হতে পারে। এ বিষয়ে জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, বর্ষাকালে কাজ করার উপযোগী করেই সাইট প্রস্তুত করা হবে। তিনি বলেন, এই অর্থবছরের কাজ শেষ না হলে পরের অর্থবছরে কাজ করতে হবে এবং পূর্বেও এভাবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। আশা করা যায় কোন সমস্যা হবে না। অতঃপর সভাপতি বলেন, এ বিষয়ে আরও অলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং তিনি আগামী মাসের শুরুতে একটি আলোচনা সভা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে মতামত প্রকাশ করেন। | একটি সভা আয়োজনের মাধ্যমে ৩০০ মিটার নতুন রাস্তা নির্মাণসহ ১ কিলোমিটার রাস্তা সংস্কারপূর্বক কূপ খনন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | গত অর্থ বছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত ৩৮টি বোরহোলের প্রাপ্ত স্যাম্পলের এ্যানালাইসিস ও ক্যালকুলেশন সম্পন্ন করে ড্যাটাবেজে আপডেট করা হয়েছে। ইঞ্জিনিয়ারিং জিওলজিক্যাল এবং সাইসমিক হ্যাজার্ড ম্যাপ প্রস্তুত করা হয়েছে। বর্তমানে প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | পূর্ববর্তী অর্থ বছরে পরিচালিত বহিরংগন কাজের প্রতিবেদনের কাজ সম্পন্ন করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.৩। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখার যশোরের ভবদহ এলাকায় একটি বহিরংগন কর্মসূচী রয়েছে। এছাড়া আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন কাজ চলমান রয়েছে এবং বহিরংগন কর্মসূচী পরিচালনার জন্য একটি দল সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। | ক) আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরংগন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | | |
| ৩.৪। | দূর অনুধাবন ও জিআই এস শাখার একটি দল "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পাশিও-টেমপোরাল ডাইনামিক্স নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরংগনে গমনের লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ শেষ করেছে। | যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দূর অনুধাবন ও জিআই এস শাখা |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৫। | "সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরংগন কার্যক্রম বাস্তবায়নের জন্য দল সিলেট জেলার জৈন্তাপুর উপজেলায় অবস্থান করছে। | যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৬। | "খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরংগন কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি দল খুলনা জেলার দাকোপ উপজেলায় অবস্থান করছে। | যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৭। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার একটি দল "ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধোরের অবস্থান, গুনগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ" শীর্ষক বহিরংগন কার্যক্রম বাস্তবায়নের জন্য ঢাকা জেলার দোহার উপজেলায় অবস্থান করছে। | যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা** | | | |
| ৩.৮। | পলল নমুনা ও পানির নমুনার ল্যাব এনালাইসিস ও মাইক্রোস্কোপিক এনালাইসিস পূর্বক প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |
| ৩.৯। | "সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ"শীর্ষক বহিরংগন হতে সংগৃহীত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রণয়ন ও যথাসময়ে দাখিল করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১০। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখার "নওগাঁ জেলার অন্তর্গত, পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শীর্ষক বহিরংগনের প্রাথমিক প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | বহিরংগনের প্রাথমিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.১১। | সহকারী পরিচালক (ভূপদার্থ)-গণকে ডাটা এনালাইসিসের উপর নিজস্ব এবং অধিদপ্তরের বাইরের প্রশিক্ষকগণের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। | নবীন সহকারী পরিচালক (ভূপদার্থ) গণকে ভূপদার্থ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.১২। | "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলাধীন হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরংগন কর্মসূচি বাস্তবায়ন করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে। | মে ২০২৫-এ বহিরঙ্গন কাজের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৩। | "নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর ও সদর উপজেলার শীতলক্ষ্যা নদী ও এর তীরবর্তী এলাকার মাটি ও পানিতে শিল্পায়নের রাসায়নিক প্রভাব অনুসন্ধান" শীর্ষক বহিরংগন হতে সংগৃহীত নমুনা বিশ্লেষণ ও প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করে জমা দিতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.১৪। | কূপ খননের লক্ষ্যে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়নে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। | কূপ খননের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪. | পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, গত ০৬-০২-২০২৫ খ্রি. তারিখ ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ৬৮ জন কর্মচারী জিএসবিতে যোগদান করেছেন। | ৩য় ও ৪র্থ শ্রেণির চলমান ৬৮ জন কর্মচারীর যোগদান প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | |
| ৫. | কর্মকর্তাদের নিয়ে রাঙ্গামাটি জেলায় একটি ভূতাত্ত্বিক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং জিএসবিতে নবনিযুক্ত কর্মচারীদের একটি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | ক) কর্মকর্তা/ কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br>খ) কর্মকর্তাদের নিয়ে রাঙ্গামাটি জেলায় একটি ভূতাত্ত্বিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৬.১। | GICU প্রকল্পের ২য় পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং Geotechnical Reconnaissance Survey জন্য একটি দল রংপুর গমন করবে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |
| ৬.২। | খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। | খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। |
| **বিবিধ আলোচনা** | | | |
| ৭. | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের নিমিত্ত পূর্ত কাজ চলমান রয়েছে। মাটি ভরাট সম্পন্ন হয়েছে, বাগান করার জন্য ২টি লে-আউট তৈরির কাজ সম্পন্ন হয়েছে। | ক) সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য চলমান পূর্তকাজ নিয়তমিত মনিটর করতে হবে। | জিওহেরিটেজ সংশ্লিষ্ট কমিটি |
| ৮. | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলো প্রকল্প প্রণয়নের কাজ করছে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে জমা দিতে হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| | | | |

৭. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-০৩-২০২৫
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.১৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০৯-০৩-২০২৫
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)